খুলনা সিটি কর্পোরেশন
সাধারণ প্রশাসনিক শাখা

নম্বর-৪৬.১৩.০০০০.০০৯.০৬.০০৮.২৪-৩৭১ তারিখ-১২/০৩/২০২৪খ্রিঃ

**বিষয় : সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC)'র ৫ম সভায় অংশগ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৪/০৩/২০২৪ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার সকাল ১১-৩০ ঘটিকায় খুলনা সিটি কর্পোরেশনের শহীদ আলতাফ মিলনায়তনে মাননীয় মেয়র জনাব তালুকদার আব্দুল খালেক মহোদয়ের সভাপতিত্বে কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকভারি প্রজেক্টের উপ-প্রকল্প নির্ধারণের জন্য এক আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় অংশগ্রহণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

<u>সভার আলোচ্যসূচি :</u>

(১) কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকভারি প্রজেক্টের উপ-প্রকল্প নির্ধারণ প্রসঙ্গে।
(২) বিবিধ।

12-03-24

সচিব
খুলনা সিটি কর্পোরেশন
ফোন-০২৪৭৭-৭২০৪৭৬

অনুলিপি :

১। প্রশাসনিক কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
২। সি.এ. টু মেয়র, খুলনা সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সংশ্লিষ্ট নথি।

D:\Current File\CLCC\Letter-1.Docx

খুলনা সিটি কর্পোরেশন
খুলনা

## সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) এর ৫ম সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব তালুকদার আব্দুল খালেক, মাননীয় মেয়র, খুলনা সিটি কর্পোরেশন। |
| পরিচালনায় | : | জনাব সানজিদা বেগম, সচিব (অতি:দা:) খুলনা সিটি কর্পোরেশন। |
| সভার স্থান | : | শহিদ আলতাফ মিলনায়তন, খুলনা সিটি কর্পোরেশন। |
| তারিখ ও দিন-ক্ষণ | : | ১৪/০৩/২০২৪, বৃহস্পতিবার, বেলা ১১-৩০ ঘটিকা। |

সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'গ'

**সভার শুরুতে সভাপতি মহোদয়** উপস্থিত সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) এর সকল সদস্যকে সালাম ও শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতপর তিনি খুলনা সিটি কর্পোরেশনের সচিব (অতি: দায়িত্ব) জনাব সানজিদা বেগমকে সভা পরিচালনা করার অনুরোধ জানান।

**জনাব সানজিদা বেগম, সচিব (অতিরিক্ত দায়িত্ব)** কেসিসি মুক্তিযুদ্ধের মহান নেতা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নাম স্মরণ করে উপস্থিত সকলকে মার্চ মাসের শুভেচ্ছা জানিয়ে বলেন, আজ সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটির CLCC এর ৫ম সভা। বিভিন্ন পেশাজীবি মানুষ এ সভায় উপস্থিত হয়েছেন। CLCC এর কমিটির সভায় আলোচ্য সূচি হলো কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকভারি প্রজেক্টের উপ-প্রকল্প নির্ধারণ প্রসঙ্গে। এ বিষয়ে আলোকপাত করার জন্য কেসিসি'র প্রধান প্রকৌশলী জনাব মশিউজ্জামান খান-কে অনুরোধ করেন।

**জনাব মশিউজ্জামান খান, প্রধান প্রকৌশলী,** কেসিসি বলেন, আলোচ্য প্রকল্পটি বিশ্ব ব্যাংকের সহায়তা পুষ্ট লোকাল গভর্ণমেন্ট রেসপন্স এন্ড রিকভারি প্রজেক্ট। LGED'র মাধ্যমে এটা বাস্তবায়ন হচ্ছে এবং LGED'র একজন সিনিয়র নির্বাহী প্রকৌশলী এই প্রকল্পের প্রজেক্ট ডিরেক্টর (PD)। এ প্রজেক্টের আওতায় ৩২৯টি পৌরসভা এবং ১০টি সিটি কর্পোরেশনে কাজ শুরু হয়েছে। এ প্রকল্পের সময়সীমা তিন বছর। জানুয়ারি ২০২৩ থেকে ডিসেম্বর ২০২৫ পর্যন্ত। ইতোপূর্বে ১০/১১/২০২২ খ্রিঃ তারিখে এই প্রকল্পের উপর CLCC এর একটি সভা অনুষ্ঠিত হয়েছিল। উক্ত সভার মাধ্যমে ১ম ৩টি Trench এর স্কীম চূড়ান্ত করে কার্যক্রম শুরু করা হয়। এ পর্যন্ত তিনটি ফেজে ৫০টি স্কীমের কাজের জন্য ৩৯ কোটি ৩২ লক্ষ টাকার টেন্ডার করা হয়েছে। তার কিছু কাজ শেষ হয়েছে এবং কিছু কাজ চলমান আছে। খুলনা সিটি কর্পোরেশনের জন্য এ প্রকল্পের আওতায় বরাদ্দ ৭৫ কোটি ২২ লক্ষ টাকা। এখন বাকি আছে ৩৫.৯০ কোটি টাকা। ওয়ার্ল্ড ব্যাংক যেহেতু এটার ফাইন্যান্স করছে, সেহেতু তাদের বিভিন্ন গাইড লাইন অনুসরণ করে এই প্রকল্প বাস্তবায়ন করতে হচ্ছে। সোস্যাল-এনভায়রনমেন্টাল স্ক্রীনিং ফর্ম, লেবার কি ধরনের হবে, পুরুষ-মহিলা জেন্ডার সিলেকশন, তাদের ওয়েজেস কি হবে, GPS লোকেশন ইত্যাদিসহ বহু তথ্য এষ্টিমেট এর সাথে সংযোজন ও আরো অনেক তথ্য প্রদান করতে হয়। এ স্কীমগুলো রুট লেভেল থেকে সিলেকশন করার কথা বলা আছে। আগের স্কীমগুলো সেভাবে পাঠানো হয়েছে। আমাদের আর্থিক বরাদ্দ সীমিত। সেই হিসেবে প্রায়োরিটির ভিত্তিতে মাননীয় মেয়র মহোদয়ের পরামর্শক্রমে সম্মানিত কাউন্সিলরদের সহযোগিতায় ও কেসিসির প্রকৌশলী ও স্থানীয় বিভিন্ন ব্যক্তি/গোষ্ঠীর সাথে আলোচনা সাপেক্ষে স্কীম সিলেকশন করার চেষ্টা করা হয়েছে। প্রায় ৭০ কোটি টাকার প্রাইমারি সিলেকশন হিসেবে স্কীম দেয়া হয়েছে। এখন আজকের সভায় এই ৭০ কোটি টাকার স্কীমের মধ্য থেকে কম-বেশী ৪০ কোটি টাকার স্কীম চূড়ান্ত করতে হবে। CLCC সভার রেজুলেশন এসব স্কীমের সাথে পাঠাতে হবে। সেই হিসাবে আজকের সভায় প্রদত্ত প্রস্তাবিত ৭০ কোটি টাকার স্কীমের মধ্যে ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ Trench এর জন্য আনুমানিক কম-বেশী ৪০ কোটি টাকার ১ম অগ্রাধিকার তালিকা (পরিশিষ্ট 'ক' ও পরিশিষ্ট 'খ') করা যেতে পারে। পিডি অফিসের পরামর্শক্রমে খালিশপুর চিত্রালী মার্কেটর ২য় তলা এবং শেখ আবু নাসের হাসপাতালের সামনের মোড় থেকে রমজানের ব্রীজ পর্যন্ত লিংক রোডের (তালুকদার আব্দুল খালেক সড়ক) স্কীম ২টি এই প্রস্তাবিত তালিকার মধ্যে আছে। এরপর প্রধান প্রকৌশলী প্রস্তাবিত স্কীমগুলোর বিষয়ে উপস্থিত সকলকে মতামত দেয়ার জন্য অনুরোধ করেন।

**জনাব এ্যাডঃ মেমরী সুফিয়া রহমান শুনু, প্যানেল মেয়র কেসিসি বলেন,** খুলনা সিটি কর্পোরেশনের জন্য আরো বেশী অর্থ বরাদ্দের জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করা যেতে পারে।

**জনাব মোঃ লিয়াকত হোসেন, প্রধান শিক্ষক, খুলনা পিডব্লিউডি মাধ্যমিক বিদ্যালয় এবং সভাপতি, বাংলাদেশ শিক্ষক সমিতি, খুলনা মহানগর কমিটি** বলেন, মাননীয় মেয়র মহোদয়ের নির্দেশনায় যে সকল উন্নয়ন কাজ করা হয়েছে তা অত্যন্ত চমৎকার হয়েছে এবং তিনি কাজগুলোর সাথে একমত পোষণ করেন। আর প্রস্তাবিত প্রকল্পগুলোর বিষয়ে তিনি সহমত ব্যক্ত করেন। পাশাপাশি তার এলাকায় বয়রা মেইন রোডে (১৬নং ওয়ার্ডে) এবং পিডব্লিউডি স্কুলের ছেলে-মেয়েরা যাতে নির্বিঘ্নে আসা-যাওয়া করতে পারে তার জন্য প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করার অনুরোধ জানান।

**জনাব স্বপন গুহ, রূপান্তর** বলেন, খুলনা শহরের রাস্তা-ঘাটে চলমান উন্নয়ন কাজে ফুটপথগুলোর কিছু কিছু স্থানে টাইলস লাগানো বাকি আছে এবং কিছু টাইলস ভেঙ্গে গেছে। এ বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান।

**জনাব বীরেন্দ্রনাথ ঘোষ, হিন্দু, বৌদ্ধ,খ্রিষ্টান ঐক্য পরিষদ** বলেন, শত শত কোটি টাকা ব্যয়ে শহরে সৌন্দর্য বর্ধনের কাজ করা হচ্ছে কিন্তু সেগুলো সংরক্ষণের ব্যাবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

**জনাব এনামুল হক বাচ্চু, আব্বাস উদ্দিন একাডেমি,** খুলনা বলেন, বাইতিপাড়া রোডে চলমান কাজের জন্য মানুষের চলাচলে মরণ ফাঁদ হয়ে দাঁড়িয়েছে এবং সিটি কলেজের সামনে ফুটপথের অবস্থা খুবই খারাপ। তিনি সেখানে ফুটপথ নতুন করে নির্মাণের দাবী জানান।

**জনাব কে এম মিজানুর রহমান, সহ-সভাপতি, খুলনা জেলা আইনজীবি সমিতি** বলেন, মিয়া পাড়া রোডে খুলনা ওয়াসা উন্নয়ন কাজ করছে। কিন্তু তারা কাজ শেষ না করে ফেলে রেখেছে, এতে সাধারণ মানুষ নাজেহাল হচ্ছে।

মেয়র বলেন, ওয়ার্ল্ড ব্যাংকের ইচ্ছানুযায়ী চিত্রালী মার্কেট ও আবু নাসের লিংক রোড এ দুটি গুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রথমে সিটি বাইপাস রোড বা তালুকদার আব্দুল খালেক সড়ক মেরামতের জন্য কেসিসির পক্ষ থেকে এ খাতে কেসিসি থেকে ৮ কোটি টাকার এস্টিমেট করা হয়। পরবর্তীতে ওয়ার্ড ব্যাংকের প্রতিনিধি এই রাস্তার দুই পাশে ফুটপথ তৈরি, ডেকোরেটিভ লাইট স্থাপন এবং মাঝখানে ডিভাইডার তৈরি ও বিউটিফিকেশন করার পরামর্শ দেন এবং সমন্বিত উন্নয়নের জন্য এই প্রকল্পের কনসালটেন্ট এস্টিমেট করছে। এছাড়া যশোর রোড, খানজাহান আলী রোড ও জিরো পয়েন্ট পর্যন্ত এ তিনটি রাস্তায় সড়ক ও জনপথ বিভাগকে লাইট পোস্ট স্থাপন করার কথা বলে দেয়া হয়েছে। তিনি আরো বলেন, শহরের বিভিন্ন এলাকায় উন্নয়ন কাজ বাকি আছে। সামনে বর্ষা মৌসুমে কাজ করা যাবে না। শুকনা মৌসুমে কাজ সম্পন্ন করার জন্য তিনি নির্দেশনা প্রদান করেন এবং কেওয়াসা যাতে তাদের কাজ দ্রুত সম্পন্ন করে তার জন্য তদারকি ও ব্যবস্থা নেয়ার নির্দেশনা দেন। সিটি কর্পোরেশন রাস্তা/ড্রেনের কাজ সম্পন্ন করার পর ওয়াসা আবার খোঁড়াখুঁড়ি শুরু করে। সেজন্য শহরের রাস্তা-ঘাটে মানুষের দুর্ভোগ পোহাতে হয়। তবে খুলনা ওয়াসা নতুন প্রকল্প গ্রহণ করেছে। তাদের প্রকল্পের কাজ শেষ না হলে সেখানে কেসিসি কাজ করতে পারছে না। তাই ওয়াসার প্রকল্প সম্পন্ন হওয়ার পর কেসিসি'র উন্নয়ন কাজের জন্য অপেক্ষা করতে হচ্ছে। জনগণের প্রতি তিনি অনুরোধ করে বলেন, ওয়াসার/কেসিসি'র উন্নয়ন কাজে সিডিউল অনুযায়ী এবং মানসম্মত কাজ হচ্ছে কিনা তদারকি করা এবং ইট, বালি, খোয়া/পাথর ইত্যাদি নিম্নমানের মালামাল ব্যবহার হলে তাঁর প্রতিনিধি হয়ে কাজ বন্ধ করে দিয়ে তাঁকে ফোন করে জানানোর জন্য বলেন। সকল কাজে প্রথম শ্রেণির মালামাল ব্যবহার করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন। এরপর প্রস্তাবিত ৭০ কোটি টাকার প্রকল্প নিয়ে একটা একটা করে আলোচনা করা হয় এবং স্কীমগুলির গুরুত্ব ও অগ্রাধিকার নিয়ে যারা যারা যতটুকু জানেন, তারা সভায় জানান।

**বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:**

| ক্র:নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১ | সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) এর উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকভারি প্রজেক্ট (LGCRRP) এর আওতায় প্রস্তাবিত তালিকার মধ্যে অগ্রাধিকার অনুযায়ী পরবর্তী ৪র্থ থেকে ৬ষ্ঠ পর্যন্ত ৩টি Trench এর জন্য ২টি তালিকা পরিশিষ্ট 'ক' এবং পরিশিষ্ট 'খ' করার সিদ্ধান্ত গৃহীত হয় (অত্রসাথ সংযুক্ত) । এছাড়া এই প্রকল্প থেকে কেসিসির অনুকূলে বরাদ্দ বৃদ্দির জন্য প্রকল্প পরিচালকের দপ্তরে অনুরোধ পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় । | পূর্ত বিভাগ উপস্থিত সদস্য বৃন্দ |
| ২ | খুলনা শহরের সকল উন্নয়ন কাজে মান সম্মত নির্মাণ সামগ্রী (সিমেন্ট, ইট, বালি, খোয়া/পাথর ইত্যাদি) অর্থাৎ প্রথম শ্রেনির মালামাল ব্যবহার হচ্ছে কিনা সে বিষয়ে দৃষ্টি রাখার জন্য উপস্থিত অতিথিবৃন্দকে অনুরোধ করেন। | উপস্থিত সদস্যবৃন্দ |
| ৩ | উন্নয়ন কাজে সংশ্লিষ্ট ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর এবং এলাকার জনগণ কাজের তদারকি করবেন এবং সিডিউল অনুযায়ী কাজ করার জন্য পূর্ত বিভাগকে নির্দেশনা দেয়া হয়। | পূর্ত বিভাগ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

তালুকদার আব্দুল খালেক
মেয়র
খুলনা সিটি কর্পোরেশন

নম্বর-৪৬.১৩.০০০০.০০৯.০৬.০০৮.২৪-৬৮১(১১) তারিখ-১৪/০৩/২০২৪ খ্রিঃ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব), খুলনা সিটি কর্পোরেশন।
৩। সচিব, খুলনা সিটি কর্পোরেশন।
৪। প্রধান রাজস্ব কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৫। প্রধান প্রকৌশলী, খুলনা সিটি কর্পোরেশন।
৬। বাজেট কাম একাউন্টস অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।
৭। প্রশাসনিক কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৮। সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC)'র সদস্য (সকল)।
৯। আই.টি ম্যানেজার, খুলনা সিটি কর্পোরেশন।
১০। সি.এ.টু মেয়র, খুলনা সিটি কর্পোরেশন।
১১। সংশ্লিষ্ট নথি।

তালুকদার আব্দুল খালেক
মেয়র
খুলনা সিটি কর্পোরেশন

খুলনা সিটি কর্পোরেশন
খুলনা

১৪/০৩/২০২৪ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার সকাল ১১-৩০ মিঃ খুলনা সিটি কর্পোরেশনের শহীদ আলতাফ মিলনায়তনে মাননীয় মেয়র জনাব তালুকদার আব্দুল খালেক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) এর ৫ম সভায় উপস্থিতির স্বাক্ষর ঃ..................

সভায় উপস্থিতি (স্বাক্ষরের ক্রমানুসারে) :

| ক্র:নং | নাম | পদবি | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | জনাব তালুকদার আব্দুল খালেক | মেয়র, কেসিসি | | |
| ২. | এ্যাড. মেমরী সুফিয়া রহমান শুনু | প্যানেল মেয়র | 01711236923 | 14/03/24 |
| ৩. | সানজিদা বেগম | সচিব, কেসিসি | 01727327986 | ১৪.০৩.২৪ |
| ৪. | মোঃ [illegible] আলী | [illegible] | 01711-339013 | |
| ৫ | [illegible] | [illegible] | 01712-100852 | |
| ৬ | [illegible] | [illegible] বাংলাদেশ মহিলা পরিষদ | 0171-6241755 | |
| ৭। | মো: এম. মিজানুর রহমান | সহ- সভাপতি | 01711-309940 | |
| ৮। | [illegible] | [illegible] | 01713400705 | |
| ৯। | স্বপন কুমার গুহ | নির্বাহী পরিচালক রূপান্তর | 01711345175 | |
| ১০ | কামরুল ইসলাম [illegible] সাংস্কৃতিক সম্পাদক | মহানগর আওয়ামী লীগ [illegible] | 01712-984108 | |
| ১১ | এনামুল হক বাচ্চু | [illegible] | 01711-310269 | |
| ১২ | মুহাম্মদ [illegible] | [illegible] | 01714296424 | |
| ১৩ | [illegible] আলম মিতা | [illegible] নং ওয়ার্ড [illegible] | 01770535959 | |
| ১৪। | মো: রিপন হাওলাদার | সহ-সভাপতি খুলনা CDC ক্লাস্টার [illegible] ২১ নং ওয়ার্ড | 01911609654 | |
| ১৫। | [illegible] | সভাপতি [illegible] CDC ক্লাস্টার [illegible] নং ওয়ার্ড | 01956140956 | |

D:\Current File\CLCC\Hajira.Doc

খুলনা সিটি কর্পোরেশন
খুলনা

১৪/০৩/২০২৪ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার সকাল ১১:৩০মিঃ খুলনা সিটি কর্পোরেশনের শহীদ আলতাফ মিলনায়তনে মাননীয় মেয়র জনাব তালুকদার আব্দুল খালেক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) এর [illegible] সভায় উপস্থিতির স্বাক্ষর ঃ

সভায় উপস্থিতি (স্বাক্ষরের ক্রমানুসারে) :

| ক্র:নং | নাম | পদবি | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৬/ | তাহমিনা বানু সিদ্দিকী | সভাপতি- ১৭নং ওয়ার্ড সড়াই CDC ক্লাস্টার | 01711309563 | তাহমিনা |
| ১৭/ | ডা, মোঃ আজিজুর আলী | অতিঃ [illegible] KCC | 01711182274 | [signature] |
| ১৮/ | ইঞ্জিনিয়ার মোঃ আব্দুস সাত্তার [illegible] | উপসহকারী, খুলনা মহানগর মুক্তিযোদ্ধা সংসদ, খুলনা | 01715-568361 | [signature] |
| ১৯/ | মাহফুজুর জামান হাসান | [illegible] কেসিসি | 01922852694 | [signature] |
| ২০/ | মোঃ সাইদুর রহমান | BAO | 01718257591 | [signature] |
| ২১/ | মোঃ মুনতাসির হাসান খান | সহকারী কমিশনার, DC office | 01643421084 | [signature] |
| ২২/ | আতিক উল হক | প্রধান পরিকল্পনা কর্মকর্তা কেসিসি | 01711310317 | [signature] |
| ২৩/ | হালিমা ইসলাম | সহকারী পরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, | 01719943488 | [signature] |
| ২৪/ | ডাঃ স্বপন কুমার হালদার | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা | 01920002589 | [signature] |
| ২৫/ | Md. Mizanur Rahman | [illegible] | 01781210087 | [signature] |
| ২৬/ | মোঃ লিয়াকত হোসেন | সভাপতি [illegible] সমিতি | 01719-022012 | [signature] |
| ২৭/ | মোঃ নাহিদ [illegible] | SAE, KCC | 01715591292 | [signature] |
| ২৮/ | শ্রী হরেন্দ্র নাথ ঘোষ | সভাপতি-১৫নং [illegible] | ০১৭১৭০৬৪২৭-৩৫ | [signature] |
| ২৯/ | অমিত কান্তি ঘোষ | S.A.E, KCC | ০১৭৯৮০[illegible]৪৪ | [signature] |
| ৩০/ | মোঃ মনিরুজ্জামান | SAE, KCC | ০১৯৩৯-২২৮৪৪৯ | [signature] |

খুলনা সিটি কর্পোরেশন
খুলনা

১৪/০৩/২০২৪ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার ..............................................................................

..............................................................................................................................

..............................................................................................................................

..............................................................................................................................

সভায় উপস্থিতি (স্বাক্ষরের ক্রমানুসারে) :

| ক্র:নং | নাম | পদবি | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ৩১/ | মোঃ আবুল হোসেন মৃধা | SAE KCC | 01712-991238 | |
| ৩২/ | অনুপম চক্রবর্তী | SAE KCC | 01650-237550 | |
| ৩৩/ | [illegible] | S.A.E. KCC | 0174082209 | |
| ৩৪/ | মোঃ মোস্তাফিজুর রহমান মিঠু | " | ০১৭১১-[illegible] | |
| ৩৫/ | মো: নাজমুল হক | SAE KCC | 01716121245 | |
| ৩৬/ | রানা [illegible] চৌধুরী | এস এই | ০১৭১১৪৭[illegible] | |
| ৩৭/ | হুমায়ুন কবির রবি | সভাপতি<br>[illegible] | 01711[illegible]4220 | |
| ৩৮/ | [illegible] | নির্বাহী প্রকৌ: | 01711 049177 | |
| ৩৯/ | ড. মোঃ [illegible] বিশ্বাস | VO, KCC | 01717259515 | |
| ৪০/ | মোস্তাফিজুর রহমান | AE/E KCC | 01711409374 | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |


সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC)
তারিখ : ১৪ মার্চ, ২০২৪
বিষয় : কোভিড ১৯ রেসপন্স এন্ড রিকভারী প্রকল্পের
সভাপতি : আলহাজ্ব তালুকদার
মাননীয় মেয়র, খুলনা সিটি
আয়োজনে : খুলনা সিটি



সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি
সভাপতি আলহাজ্ব তালুকদার
আয়োজনে : খুলনা সিটি



সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি
সভাপতি : আলহাজ্ব তালুকদার
আয়োজনে : খুলনা সিটি